

# এইচএসসি পরীক্ষার ফল আজ

নিজস্ব প্রতিবেদক

৮ ফেব্রুয়ারি ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ৭ ফেব্রুয়ারি ২০২৩

১১:৩৩ পিএম

মতবুদ  
আমাদের সময়

advertisement

এ বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হবে আজ বুধবার। দুপুর সাড়ে ১২টায় রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে সংবাদ সম্মেলনে ফলের বিস্তারিত তথ্য জানাবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এর আগে সকালে শিক্ষামন্ত্রী সব বোর্ড চেয়ারম্যানকে নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের চামেলী হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলের অনুলিপি তুলে দেবেন। প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশের কার্যক্রম উদ্বোধন করবেন।

advertisement

গত বছরের ৬ নভেম্বর শুরু হওয়া এ পরীক্ষায় ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ড মিলিয়ে ১১টি শিক্ষা বোর্ডের অধীন মোট পরীক্ষার্থী ছিলেন ১২ লাখের কিছু বেশি। পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফল প্রকাশের নিয়ম রয়েছে। এ সময় বিবেচনা করে আজ ৮ ফেব্রুয়ারি ফল

advertisement 4

প্রকাশিত হচ্ছে।

এইচএসসির ফল জানা যাবে যেভাবে- ঢাকা শিক্ষা বোর্ড জানিয়েছে, তাদের অধীন প্রতিষ্ঠানভিত্তিক ফল বোর্ডের ওয়েবসাইটে ি.িফযধশধবফঁপধঃরড়হনড়ধৎফ.মড়া.নফ রেজাল্ট কর্নারে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন দিয়ে প্রতিষ্ঠানভিত্তিক রেজাল্টশিট ডাউনলোড করা যাবে।

আর ি.িবিফঁপধঃরড়হনড়ধৎফৎবঁষঃং.মড়া.নফ ওয়েবসাইটে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে রেজাল্টশিট ডাউনলোড করা যাবে। এ ছাড়া খুদে বার্তার মাধ্যমেও ফল জানা যাবে। এ জন্য প্রথমে ঐব্বঐ লিখে বোর্ডের নাম (প্রথম তিন অক্ষর), রোল, বছর টাইপ করে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।